

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৭১

কাঞ্চনপুর, ১২ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
মাকুমছড়া এডিসি ভিলেজে বিকাশ শিবির

লালজুরি ব্লকের মাকুমছড়া এডিসি ভিলেজে গতকাল প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। ভিলেজের পঞ্চায়েত মাঠে অনুষ্ঠিত এই শিবিরের উদ্বোধন করেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা। শিবিরের উদ্বোধন করে শিল্প ও বাণিজ্যমন্ত্রী বলেন, বিকশিত ভারত সংকল্প যাত্রায় বিভিন্ন কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পগুলি সম্পর্কে জনগণকে সচেতন করা হচ্ছে। পাশাপাশি কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা জনগণের কাছে পৌঁছে দিতে প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানেরও সূচনা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন লালজুরি ব্লকের বিডিও সৌরভ আল আমান। সভাপতিত্ব করেন লালজুরি বিএসির চেয়ারম্যান অজন্ত চৌধুরী। বিকাশ শিবির উপলক্ষে বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে প্রদর্শনী স্টল খোলা হয়।
